

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং-০৫

২৪ মার্চ ২০২১

তারিখ:

১০ চৈত্র ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

খণ্ড শ্রেণিকরণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১৭; তারিখ: ২৮ সেপ্টেম্বর ২০২০, বিআরপিডি সার্কুলার নং-০৩; তারিখ: ৩১ জানুয়ারি ২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশের অর্থনীতিতে কোভিড-১৯ এর নেতৃত্বাচক প্রভাব বিবেচনায় বিআরপিডি সার্কুলার নং-১৭/২০২০ এর মাধ্যমে খণ্ড শ্রেণিকরণের বিষয়ে এ মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল যে, ০১ জানুয়ারি ২০২০ তারিখে খণ্ডের শ্রেণিমান যা ছিল, ৩১ ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত সময়ে উক্ত খণ্ড তদাপেক্ষা বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না। তবে, কোন খণ্ডের শ্রেণিমানের উন্নতি হলে তা যথাযথ নিয়মে শ্রেণিকরণ করা যাবে। এছাড়া বিআরপিডি সার্কুলার নং-০৩/২০২১ এর মাধ্যমে মেয়াদী খণ্ডসমূহের কিস্তি পরিশোধ সহজ করার লক্ষ্যে মেয়াদ বৃদ্ধির নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০৩। বাংলাদেশের অর্থনীতিতে কোভিড-১৯ এর দ্বিতীয় চেউ এর নেতৃত্বাচক প্রভাব পড়তে শুরু করেছে। তাছাড়া বহির্বিশ্বেও কোভিড-১৯ এর নেতৃত্বাচক প্রভাব বৃদ্ধি পাওয়ায় রঞ্জনি বাণিজ্য কিছুটা ক্ষতিগ্রস্ত হচ্ছে। এক্ষণে, নতুনভাবে কোভিড-১৯ এর নেতৃত্বাচক প্রভাব মোকাবেলা এবং একইসাথে ব্যাংকিং খাতে খণ্ড প্রবাহের গতিধারা থারে থারে স্বাভাবিক করার লক্ষ্যে বিআরপিডি সার্কুলার নং-১৭/২০২০ এর আওতায় সুবিধাপ্রাপ্ত খণ্ড/বিনিয়োগসহ ০১ জানুয়ারি ২০২১ তারিখে অন্তর্ভুক্ত হিসেবে প্রদর্শিত চলমান ও তলবী প্রকৃতির খণ্ড/বিনিয়োগ পরিশোধের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবেঃ

ক) যে সকল চলমান খণ্ড/বিনিয়োগ এর মেয়াদ ইতোমধ্যে অতিবাহিত হয়েছে এবং প্রচলিত নীতিমালার আওতায় ব্যাংক কর্তৃক নবায়নকৃত হয়নি সে সকল খণ্ড/বিনিয়োগের বিপরীতে ০১ জানুয়ারি ২০২০ তারিখ হতে ৩১ ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত আরোপিত সুদ (অনাদায়ী খাকলে) মার্চ/২০২১ হতে জুন/২০২২ এর মধ্যে ৬টি সমান ত্রৈমাসিক কিস্তিতে পরিশোধ করা যাবে। ২০২০ সালের অনাদায়ী সুদ উল্লিখিত নিয়মে পরিশোধিত হওয়ার পাশাপাশি জুন/২০২২ পর্যন্ত আরোপিত সুদ ত্রৈমাসিক ভিত্তিতে নিয়মিতভাবে পরিশোধিত হলে উক্ত খণ্ড/বিনিয়োগসমূহ ৩০ জুন ২০২২ তারিখ পর্যন্ত মেয়াদোভীর্ণ হিসেবে বিবেচিত হবে না।

খ) তলবী প্রকৃতির খণ্ড/বিনিয়োগসমূহ মার্চ/২০২১ হতে ডিসেম্বর/২০২২ এর মধ্যে ৮টি সমান ত্রৈমাসিক কিস্তিতে পরিশোধ করা যাবে। ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি পরিশোধিত হলে খণ্ড/বিনিয়োগসমূহ বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না।

০৪। ৩ নং ক্রমিকে উল্লিখিত নিয়মে কোন ত্রৈমাসিকে প্রদেয় কিস্তি পরিশোধিত না হলে ঐ ত্রৈমাসিক হতে এ সুবিধা বাতিল হিসেবে গণ্য হবে এবং যথানিয়মে খণ্ড/বিনিয়োগ শ্রেণিকরণ করতে হবে। তবে, উল্লিখিত চলমান ও তলবী খণ্ড/বিনিয়োগসহ বিআরপিডি সার্কুলার নং-০৩/২০২১ এর আওতায় মেয়াদী খণ্ড/বিনিয়োগের বিপরীতে মার্চ/২০২১ পর্যন্ত প্রদেয় কিস্তি ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে পরিশোধ করা হলে উক্ত সময়ে খণ্ড/বিনিয়োগসমূহ বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না।

০৫। এছাড়া বিভিন্ন প্রগোদনা প্যাকেজের আওতায় প্রদত্ত খণ্ড/বিনিয়োগসমূহের ক্ষেত্রে এ সার্কুলারের নির্দেশনা প্রযোজ্য হবে না। উক্ত খণ্ড/বিনিয়োগসমূহের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রগোদনা প্যাকেজের নীতিমালা অনুসরণ করতে হবে।

০৬। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বাস,

(মোঃ নজরুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২